

বিএসএফআইসিতে চালুকৃত অনলাইন সেবার বিবরণ নিম্নরূপ:-

বিএসএফআইসি'র সদর দপ্তর ও এর আওতাধীন সুগারমিলগুলোতে ইলেক্ট্রনিক পদ্ধতি ব্যবহার করে নাগরিকদের কাছে নিম্নোক্ত সেবাসমূহ পৌঁছানো হচ্ছে যেমন:

- **ই-পুর্জি কার্যক্রম:** ২০১০-১১ মাড়াই মৌসুমে হতে সকল আখচাষীকে পুর্জি বিতরণ সম্পর্কিত তথ্যাবলী অবগত করণের জন্য তার নিজস্ব মোবাইল ফোনে এসএমএস প্রেরণ করা হচ্ছে। এছাড়া ২০১১-১২ আখ মাড়াই মৌসুম হতে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা ইন্টারনেটের মাধ্যমে ই-পুর্জির ওয়েবসাইট (www.epurjee.info) থেকে সংগ্রহ করতে পারবেন। প্রতি বছর আখ মাড়াই মৌসুমে বর্ণিত সফটওয়্যার আপগ্রেডপূর্বক চালুর ব্যবস্থা নেওয়া হয়ে থাকে। এটি একটি চলমান প্রক্রিয়া। গত ২০১৫-১৬ আখমাড়াই মৌসুমে সকল চিনিকলে উক্ত কার্যক্রম যথাযথভাবে চলমান ছিল এবং আগামীতে ইহা অব্যাহত থাকবে।

ই-পুর্জি কার্যক্রমের মাধ্যমে আখ চাষীগণ মিলে আখ সরবরাহের নিমিত্ত প্রতিদিন আখচাষীর পুর্জি ইস্যু হওয়ার পরপরই তাদের মোবাইল ফোনের মাধ্যমে পুর্জি প্রাপ্তির খবর পাওয়ার পরপর আখ চাষীগণ মিলে সময়মত আখ সরবরাহের সুবিধা/সুযোগ পাচ্ছে। তাছাড়া তাদের পুর্জির ম্যাসেজ পাওয়ার পরপরই আখচাষীগণ তাদের উৎপাদিত আখ সময়মত কর্তন ও পরিবহনের মাধ্যমে বিক্রি করার সুবিধা পাচ্ছে। এতে আখ বিক্রি/মিলে আখ সরবরাহের ক্ষেত্রে কোন অসুবিধা না থাকার কারণে চাষীগণ আখ রোপণে উৎসাহিত হচ্ছে।

- **ই-গেজেট:** সংস্থার অধীন ফরিদপুর চিনিকলে পরীক্ষামূলকভাবে ই-গেজেট সফটওয়্যার Develop করে গত ২০১৪-১৫ আখমাড়াই মৌসুমে চালু করা হয়েছে। এই ই-গেজেট কার্যক্রমে সমৃদয় আখ ক্রয় কর্মসূচী একটি গেজেটের মাধ্যমে ইস্যু করার জন্য কর্মসূচী নেওয়া হয়েছে। এতে চাষীগণ মাড়াই মৌসুমে শুরু থেকে শেষ পর্যন্ত কোন চাষী কোন দিন পুর্জি পাবে তা ই-পুর্জির ওয়েবসাইট (www.epurjee.info) এবং মিলের নোটিশ বোর্ড থেকে চাষীগণের জানার সুযোগ রয়েছে। ২০১৪-১৫ মাড়াই মৌসুমে ফরিদপুর সুগার মিলে পরীক্ষামূলকভাবে ই-গেজেট চালু করার পর কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় তা সংশোধনপূর্বক গত ২০১৫-১৬ মাড়াই মৌসুমে সফলভাবে উক্ত ই-গেজেট চালানো সম্ভব হয়েছে। ই-গেজেটের মাধ্যমে চাষীগণ সম্বন্ধে পুর্জি পাওয়ায় মিলের সকল আখচাষী আখ চাষে উদ্বুদ্ধ হয়ে আখচাষীগণ আখ রোপণে উৎসাহ পাচ্ছে। ই-গেজেট এর কার্যক্রম ফরিদপুর সুগার মিলে সফলভাবে চালু করার প্রেক্ষিতে উল্লেখিত ই-গেজেট কার্যক্রম আগামী ২০১৬-১৭ মাড়াই মৌসুমে অন্যান্য চিনিকলে তা চালুকরণের পদক্ষেপ নেওয়া হয়েছে। ফরিদপুর সুগার মিলে ইলেক্ট্রনিক পুর্জি ব্যবস্থাপনায় কম্পিউটারের মাধ্যমে অটোমেটিক পুর্জি প্রিন্টিং সিস্টেম, আখ ক্রয় সংক্রান্ত তথ্যাবলী সংবলিত পূর্ণাংগরূপে এমআইএস রিপোর্ট কম্পিউটারের মাধ্যমে পরীক্ষামূলক ভাবে সম্পাদনের ব্যবস্থা নেওয়া হয়েছে। এ সকল কার্যক্রম আগামী ২০১৬-১৭ আখ মাড়াই মৌসুমে শুরু থেকে শেষ অবধি পূর্ণাংগরূপে চালু করা হবে। এতে মিলের ক্রয় সংক্রান্ত তথ্যাবলী নির্ভুলভাবে কম্পিউটারের মাধ্যমে সম্পাদন করা যাবে। যার জন্য একদিকে আখ ক্রয়ে হিসেবের স্বচ্ছতা, সময় অপচয় রোধ করা, জনবল হ্রাস করা ও মিলের আর্থিক সাশ্রয় করা যাবে।

- **মোবাইল ব্যাংকিং:** বিএসএফআইসি'র আওতাধীন ১৫টি চিনিকলে আর্থ ক্রয়ের ক্ষেত্রে ই-পেমেন্ট ও মোবাইল ব্যাংকিং এর কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। তদনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলছে। ইতোমধ্যে ভূর্তকির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে। এতে কিছু ত্রুটি বিচ্যুতি হয়েছিল যা সংশোধন করা হচ্ছে।
- বিএসএফআইসি'র আওতাধীন প্রতিষ্ঠানসমূহ এবং বিভিন্ন মন্ত্রণালয়ে ই-মেইলের মাধ্যমে চিঠি পত্র আদান- প্রদান করা হচ্ছে।

মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত গুরুত্বপূর্ণ নাগরিক সেবাসমূহ দেশের যে কোন স্থান থেকে বিএসএফআইসি'র ওয়েবসাইট (www.bsfc.gov.bd) হতে পাওয়া যায়। নিম্নবর্ণিত প্রধান প্রধান তথ্যাদি বিএসএফআইসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছেঃ

- মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন নির্দেশনা/প্রতিশ্রুতি বিষয়ক বিএসএফআইসি'র বাস্তবায়ন অগ্রগতি;
- বিএসএফআইসি'র ওয়েবসাইটে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রতিবেদন, বিএসএফআইসি কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প সম্পর্কিত তথ্য , বার্ষিক ও মাসিক এমআইএস রিপোর্ট, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ইত্যাদি নানাবিধ তথ্যাদি;
- বিএসএফআইসি'র নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার ফলাফল , সকল টেন্ডার বিজ্ঞপ্তি, শেয়ার নিউজ, সিটিজেন চার্টার, চিনির ডিলার ও শিল্পপ্রতিষ্ঠান খাতে চিনি বরাদ্দের বিজ্ঞপ্তি, ফ্রি-সেল চিনি বিক্রির কার্যক্রম এবং আন্তর্জাতিক দর পত্রের /বিক্রির মাধ্যমে চিনি ও চিটাগুড় বিক্রির বিজ্ঞপ্তি;
- বিএসএফআইসি'র আইন/বিধি প্রবিধানমালা, নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার ফলাফল, তথ্য আধিকার আইন, টেন্ডার বিজ্ঞপ্তি, শেয়ার নিউজ, সিটিজেন চার্টার, বিএসএফআইসি'র আওতাধীন সকল মিলের তথ্যাদি ;
- বিএসএফআইসি'র বোর্ড অফ ডিরেক্টরদের ছবিসহ সকল বিভাগীয় প্রধানগণের এবং বিএসএফআইসি'র আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রধানগণের ছবিসহ দাপ্তরিক ই-মেইল অ্যাড্রেস খোলা হয়েছে। বিএসএফআইসি'র আওতাধীন প্রতিষ্ঠানসমূহ এবং বিভিন্ন মন্ত্রণালয়ে ই-মেইলের মাধ্যমে চিঠি পত্র আদান- প্রদান করা হচ্ছে।
- বিএসএফআইসি'র আওতাধীন কেবু এন্ড কোম্পানীর উৎপাদিত পণ্যের বিশেষ করে ফরেন লিকারের বাজার সৃষ্টির লক্ষ্যে পার্শ্ববর্তী দেশগুলোর সংগে সার্বক্ষণিক অনলাইনে যোগাযোগ রক্ষার্থে ইংরেজির পাশাপাশি বাংলায় সেবামূলক বিষয়বস্তু তৈরী করা হয়েছে।
- বিএসএফআইসি'র ওয়েবসাইটের মাধ্যমে নাগরিক আবেদন , অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং অবহিত করণ করা হয় এবং ভবিষ্যতে তা অব্যাহত থাকবে।

মোবাইল ব্যাংকের মাধ্যমে সকল মিলের প্রসেস ম্যাপ

